**REGIONAL NEWS UNIT**
**ALL INDIA RADIO, AGARTALA**
**Date: 15-07-2025**
**Time: 07:55-08:05 PM Hrs**
**BENGALI EVENING BULLETIN**

---

**Headlines :**

**(১) শিক্ষা দপ্তরে ৯১৫ জন বিষয় শিক্ষক ও ৭০০ জন স্নাতক শিক্ষক নিয়োগের সিদ্ধান্ত নিয়েছে রাজ্য মন্ত্রিসভা।**

**(২) রাষ্ট্রপতি দ্রৌপদী মুর্মু শিক্ষার্থীদের শিক্ষার মাধ্যম হিসেবে তাদের মাতৃভাষা বেছে নেওয়ার আহ্বান জানিয়েছেন ।**

**(৩) মহাকাশচারী শুভাংশু শুক্লা এবং অন্য তিন Crew সদস্যকে নিয়ে আজ বিকেলে নিরাপদে পৃথিবীতে ফিরে এলো অ্যাকজিয়ম-ফোর ।**

**(৪) সারা দেশের সঙ্গে রাজ্যেও আজ থেকে ৯০ দিনের বিশেষ মধ্যস্থতা অভিযান শুরু হয়েছে ।**

*********************************************

**Sushanta Choudhury-Press Meet :**

পর্যটনমন্ত্রী সুশান্ত চৌধুরী জানিয়েছেন, শিক্ষা দপ্তরে ৯১৫ জন বিষয় শিক্ষক ও ৭০০ জন স্নাতক শিক্ষক নিয়োগের জন্য আজ রাজ্য মন্ত্রিসভার বৈঠকে সিদ্ধান্ত নেওয়া হয়েছে। সচিবালয়ে সাংবাদিক সম্মেলনে পর্যটনমন্ত্রী জানান রাজ্যে যত দ্রুত সম্ভব শিক্ষক স্বল্পতা দূরীকরণের লক্ষ্যেই এই সিদ্ধান্ত নেওয়া হয়েছে। তাছাড়া স্বাস্থ্য ও পরিবার কল্যান দপ্তরে ৬ জন ডেন্টাল মেডিকেল অফিসার টি পি এস সি এর মাধ্যমে নিয়োগ করা হবে। তাছাড়া উচ্চশিক্ষা দপ্তরের অধীনে জাতীয় আইন বিশ্ববিদ্যালয়ের জন্য ৩৭টি পদে নিয়োগের সিদ্ধান্ত নেওয়া হয়েছে। আগামী কিছুদিনের মধ্যেই রাজ্য পুলিসে স্পেশাল এক্সিকিউটিভ নিয়োগ করা হবে বলে পর্যটনমন্ত্রী জানান।

* * * * * * * * * * * * * * * * * * * * * * * * * * *

**Press Meet on Mediation :**

সারা দেশের সঙ্গে রাজ্যেও আজ থেকে ৯০ দিনের বিশেষ মধ্যস্থতা অভিযান শুরু হয়েছে। আজ রাজ্য আইনসেবা কর্তৃপক্ষের সদস্য সচিব ঝুমা দত্ত চৌধুরী সাংবাদিক সম্মেলনে এই খবর জানিয়েছেন। তিনি জানান, গত ১ জুলাই থেকে জাতির জন্য মধ্যস্থতা অভিযানটি জাতীয় আইনসেবা কর্তৃপক্ষের এগজিকিউটিভ চেয়ারম্যান তথা সুপ্রিম কোর্টের মিডিয়েশন অ্যান্ড কনসিলিয়েশন প্রজেক্ট কমিটির চেয়ারম্যান বিচারপতি সূর্য কান্তের নির্দেশ অনুযায়ী শুরু হয়েছে। এই অভিযানে রাজ্যে সব জেলায় আদালত থেকে মামলাগুলি মধ্যস্থতার জন্য মেডিয়েটরের কাছে পাঠানো হচ্ছে। তিনি জানান, গত ৯ জুলাই পর্যন্ত ৯৯৬টি মামলা আদালত থেকে মধ্যস্থতার জন্য পাঠানো হয়েছে। এগুলির মধ্যে দাম্পত্য সংক্রান্ত বিরোধ, দুর্ঘটনার ক্ষতিপূরণ দাবি, গার্হস্থ্য হিংসা, চেক বাউন্স, বাণিজ্যিক বিরোধ। তাছাড়া চাকরি সংক্রান্ত বিষয়, অপরাধমূলক আপোষযোগ্য মামলা, ভোক্তা সংক্রান্ত বিরোধ, ঋণ আদায়, সম্পত্তির বাটোয়ারা, উচ্ছেদ সংক্রান্ত মামলা, ভূমি অধিগ্রহণ সংক্রান্ত বেশ কিছু মামলাও মধ্যস্থতার জন্য পাঠানো হয়েছে। মধ্যস্থতার পর চড়ান্ত রায় দেবে আদালত। সাংবাদিক সম্মেলনে উপস্থিত ছিলেন রাজ্য আইনসেবা কর্তৃপক্ষের উপসচিব অনিন্দিতা দেব রায়।

*****************************

**DAJBA-South :**

দক্ষিণ জেলায় ধরতী আবা জনভাগিদারি অভিযান আজ শেষ হয়েছে। শেষ দিনে আজ বকাফা ব্লকের বীরচন্দ্র নগর ভিলেজ অফিসে বিশেষ গ্রামসভা ও প্রশাসনিক শিবির অনুষ্ঠিত হয়। শিবিরে প্রসূতি মায়েদের হাতে পুষ্টিকর খাবার, অঙ্গনওয়াড়ি কর্মীদের স্বাস্থ্যবিধি সামগ্রী ও সাফাই কর্মীদের হাতে পোশাক তুলে দেওয়া হয়। বিভিন্ন দপ্তর থেকে খোলা হয় প্রদর্শনী মণ্ডপ। উপস্থিত ছিলেন বিধায়ক প্রমোদ রিয়াং, বকাফা পঞ্চায়েত সমিতির চেয়ারপার্সন কৃষ্ণা রিয়াং, জেলা শাসক মহম্মদ সাজ্জাদ পি প্রমুখ। উল্লেখ্য, দক্ষিণ জেলার ৫৯টি জনজাতি অধ্যুষিত গ্রামে বাসিন্দাদের বিভিন্ন প্রশাসনিক

সুবিধা পৌঁছে দেওয়ার লক্ষ্যে গত ১৫ই জুন থেকে এই অভিযান শুরু হয়েছিল।

**************************

**KVK-Sepahijala :**

কেন্দ্রীয় কৃষি বিশ্ববিদ্যালয় ইম্ফলের অধীন মেঘালয়ের কলেজ অফ পোস্ট-গ্র্যাজুয়েট স্টাডিজ ইন এগ্রিকালচারেল সায়েন্স উত্তর-পূর্বাঞ্চলের অম্ল মাটিতে ফসফরাসের মাত্রায় ভারসাম্য এনে মাটির উর্বরতা বৃদ্ধির উদ্যোগ নিয়েছে। আজ কৃষি বিজ্ঞান কেন্দ্র সিপাহীজলা ও মেঘালয়ের উমিয়ামে CPGSAS-এর যৌথ উদ্যোগে গোলাঘাটিতে আয়োজিত কৃষকদের সঙ্গে মত বিনিময় সভায় CPGSAS উমিয়াম মেঘালয়ের ডীন দিপেন্দ্র ঠাকুরিয়া একথা বলেন।

######Byte- Professor Dipendra Thakuria######

মত বিনিময় সভায় কৃষি বিজ্ঞানীরা ধানী জমিতে জৈব সার প্রয়োগ করে কিভাবে ফসল উৎপাদন বাড়ানো যায় এবিষয়ে কৃষকদের হাতে কলমে শিক্ষা দেন।

**************************

**Update Akashvani :**

এখবর শুনছেন, আকাশবাণী আগরতলা কেন্দ্র থেকে।

#######Sound Byte#######

আকাশবাণীর সংবাদের আপডেট পেতে লগ ইন করুন - ডব্লিউ. ডব্লিউ. ডব্লিউ ডট নিউজ অন এ আই আর ডট কম এবং নিউজ অন এ-আই-আর অ্যাপ, এবং ট্যুইটার ও ফেসবুক প্লাটফর্মে-এ এ-আই-আর-নিউজ-এলার্টস-এ। ইউ-টিউব-এ লক্ষ্য করুন নিউজ-অন-এআইআর-অফিসিয়াল-এ।

এছাড়াও আকাশবাণী আগরতলার সংবাদ আপডেট পেতে দেখুন ট্যুইটার বা এক্স হ্যান্ডেলে আকাশবাণী নিউজ আগরতলা / ফেসবুকে এ-আই-আর নিউজ আগরতলা এবং ইউটিউবে আকাশবাণী নিউজ আগরতলা।

****************************

**President :**

রাষ্ট্রপতি দ্রৌপদী মুর্মু শিক্ষার্থীদের শিক্ষার মাধ্যম হিসেবে তাদের মাতৃভাষা বেছে নেওয়ার আহ্বান জানিয়েছেন। তিনি বলেন যে শিক্ষার্থীদের তাদের মাতৃভাষায় শিক্ষা গ্রহণ করা উচিত, কারণ এটি কেবল আমাদের সমৃদ্ধ ভারতীয় সংস্কৃতিই সংরক্ষণ করবে না বরং গভীরভাবে প্রোথিত ঐতিহ্যকেও সমুন্নত রাখবে। তিনি বলেন, শিক্ষার্থীরা যদি তাদের মাতৃভাষাকে শিক্ষার মাধ্যম হিসেবে গ্রহণ করে, তাহলে তাদের প্রতিভা আরও উন্নত হবে। আজ সন্ধ্যায় ওড়িশার কটকে পঞ্চদশ শতাব্দীর মহান ওড়িয়া কবি ও পণ্ডিত আদিকবি সরলা দাসের ৬০০তম জন্মবার্ষিকীতে ভাষণ দিতে গিয়ে রাষ্ট্রপতি ওড়িয়া সাহিত্য ও সংস্কৃতিতে সরলা দাসের অবদানের কথা তুলে ধরেন এবং জাতীয় উন্নয়নের লক্ষ্যে ভারতীয় ভাষা ও ঐতিহ্য প্রচারের গুরুত্বের সঙ্গে তাঁর কাজের সাদৃশ্য তুলে ধরেন। এই উপলক্ষে তিনি কেন্দ্রীয় শিক্ষামন্ত্রী ধর্মেন্দ্র প্রধানকে কলিঙ্গ রত্ন-২০২৪ পুরস্কার প্রদান করেন।

তার আগে রাষ্ট্রপতি আজ কটকে র‍্যাভেনশ বিশ্ববিদ্যালয়ের ত্রয়োদশ বার্ষিক সমাবর্তনে বক্তৃতা দেন। তিনি শিক্ষার্থীদের সততা এবং দৃঢ় দায়িত্ববোধের সঙ্গে সমাজ সেবায় নিজেদের উৎসর্গ করার আহ্বান জানান।

#######Byte-President######

উল্লেখ্য, রাষ্ট্রপতি, গতকাল থেকে তার নিজের রাজ্য ওড়িশায় দুই দিনের সফরে রয়েছেন। তিনি কটকে র‍্যাভেনশ উচ্চ বালিকা বিদ্যালয়ের তিনটি ভবনের পুনর্নির্মাণের ভিত্তিপ্রস্তরও স্থাপন করেন।

****************************

**Shuvangshu Shukla :**

মহাকাশচারী শুভাংশু শুক্লা এবং অন্য তিন Crew সদস্যকে নিয়ে আজ বিকেলে নিরাপদে পৃথিবীতে ফিরে এলো অ্যাকজিয়ম-ফোর। আন্তর্জাতিক মহাকাশ কেন্দ্রে ১৮ দিনের ঐতিহাসিক সফর শেষ করে স্পেস এক্স ড্রাগন

ক্যাপসুলের মাধ্যমে ক্যালিফোর্নিয়ার স্যানডিয়েগো উপকূলে অবতরণ করেন তারা। আগামী সাতদিন তাদের পৃথিবীর অভিকর্ষের সঙ্গে মানিয়ে নেওয়ার পর্ব চলবে। গত ২৫ জুন ফ্যালকন নাইন রকেটে করে মহাকাশচারীদের বহন করা এই ক্যাপসুল আন্তর্জাতিক মহাকাশ কেন্দ্রের দিকে রওনা দিয়েছিলো। আন্তর্জাতিক মহাকাশ কেন্দ্রে অবস্থানকালে ভারতীয় মহাকাশচারী শুক্লা নির্ধারিত সাতটি সূক্ষ্ম অভিকর্ষীয় পরীক্ষা সম্পন্ন করেন।

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আন্তর্জাতিক মহাকাশ গবেষণা কেন্দ্র থেকে সফল ঐতিহাসিক অভিযান শেষে পৃথিবীতে ফিরে আসা ভারতীয় মহাকাশচারি গ্রুপ ক্যাপ্টেন শুভাংশু শুক্লাকে স্বাগত জানিয়েছেন। এক্স হ্যান্ডেলে নিজের বার্তায় প্রধানমন্ত্রী জানান, আন্তর্জাতিক মহাকাশ কেন্দ্র সফরকারী প্রথম ভারতীয় মহাকাশচারী গ্রুপ ক্যাপ্টেন শুক্লার এই কৃতিত্ব দেশের মহাকাশ অনুসন্ধান যাত্রায় এক নির্ণায়ক মুহূর্ত হিসেবে চিহ্নিত। সমর্পণ, সাহস ও অভূতপূর্ব আবেগে পরিপূর্ণ এই সাফল্য কোটি কোটি ভারতবাসীর জন্য অনুপ্রেরণা যুগিয়েছে বলেও জানান প্রধানমন্ত্রী। শুভাংশু শুক্লার এই সাফল্যে তাঁর মা বাবা খুশি ব্যক্ত করেন।

######Byte-Parents######

****************************

**Package Story-Puppet Theatre :**

ঐতিহ্যশালী পুতুল নাচের শিল্পকে ইতিহাসের কিংবদন্তী চরিত্র নিয়ে তৈরি গল্পের মোড়কে আশ্চর্য নাটকীয় রূপায়ণের কাজে নিজেদের অনায়াস দক্ষতাকে আবারো মঞ্চে তুলে আনলো ত্রিপুরা পাপেট থিয়েটার। সম্মিলিত নাট্য প্রয়াস এবং রাজ্যসরকারের তথ্য ও সংস্কৃতি দপ্তরের যৌথ ব্যবস্থাপনায় শনিবারের সন্ধ্যা ছিলো এক ত্রি-মাত্রিক পুতুল নাটক দেখার অনবদ্য সুযোগ। একটি প্রতিবেদন।

#########VC#########

******************************

**Weather :**

আগামী ২৪ ঘন্টায় পশ্চিম জেলা, সিপাহীজলা, গোমতি, খোয়াই ও দক্ষিণ জেলাতে বজ্রবিদ্যুৎ সহ হালকা বৃষ্টিপাতের সম্ভাবনা জারি করেছে আবহাওয়া দপ্তর। আগামীকাল দিনের সর্বোচ্চ তাপমাত্রা ৩৫.৪ ডিগ্রি সেলসিয়াস এবং সর্বনিম্ন ২৭ ডিগ্রি সেলসিয়াস এর কাছাকাছি থাকতে পারে। আজ দিনের সর্বোচ্চ তাপমাত্রা ছিল ৩৩ ডিগ্রি সেলসিয়াস এবং সর্বনিম্ন ২৫ ডিগ্রি সেলসিয়াস। আজ বিকেল সাড়ে ৫টা পর্যন্ত আগরতলায় বৃষ্টি হয়েছে ৪ মিলিমিটার।

****************************